ভোরের কাগজ

তারিখ ... JUL 1 2 1998

পৃষ্ঠা ... কলাম ...

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

## ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল সিলেট এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

# ভর্তি বিজ্ঞপ্তি

পত্র নং : ৫৭১ — তারিখ : ১০/৭/২০০০

## বিষয় : ২০০০-২০০১ শিক্ষা বর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণীতে/আলীম ১ম বর্ষে ভর্তি প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৮/৯৮ তারিখের শিম/শাঃ ১০/বিবিধ ১৫-১৫/৯৬ নং স্মারক সংবলিত পরিপত্রের আলোকে এবং গৃহীত সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত নিয়মাবলীর ভিত্তিতে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড-এর আওতাধীন সকল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়/কলেজ/মাদ্রাসায় ২০০০-২০০১ শিক্ষা বর্ষে একাদশ শ্রেণীতে/আলীম প্রথম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তি করতে হবে।

১. শিক্ষা মন্ত্রণালয়ের ২৩-০৪-৯৭ ইং তারিখের নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শ্রেণী কক্ষে প্রতি ছাত্রছাত্রীর জন্য ১(এক) বর্গমিটার জায়গা হিসাবে যে সংখ্যক আসনে (ছাত্র/ছাত্রী) ভর্তি করা সম্ভব তার আগাম সংখ্যা বিজ্ঞপ্তির মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করতে হবে। শ্রেণীকক্ষে স্থান সঙ্কুলান এর অতিরিক্ত ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

২. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য সরকার কর্তৃক নির্ধারিত কোটা বা আসন ব্যতীত অন্য কোন কোটা বা আসন সংরক্ষণ করা যাবে না।

৩. ভর্তির জন্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের নিকট হতে ভর্তি ফরমের মূল্য বাবদ ১০.০০ (দশ) টাকা গ্রহণ করা যাবে। তাছাড়াও ভর্তি পরীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহের জন্য অতিরিক্ত ৫০.০০ (পঞ্চাশ) টাকা অর্থাৎ মোট (১০+৫০)=৬০ (ষাট) টাকা গ্রহণ করা যাবে। এই ফিস অবশ্যই প্রতিষ্ঠান প্রধান বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীর স্বাক্ষরযুক্ত রশিদের মাধ্যমে আদায় করতে হবে। রশিদ ছাড়া কোনো ফিস আদায় করা যাবে না।

৪. **একাদশ/সমমানের শ্রেণীতে ভর্তির নীতিমালা :** মোট ২০০ নম্বরের ভিত্তিতে ভর্তির জন্য ছাত্র/ছাত্রী নির্বাচন করা হবে। এস, এস, সি/দাখিল/এস, এস, সি (ভোকেশনাল) পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের (অতিরিক্ত বিষয়ের নম্বর বাদ দিয়ে) ১০% অর্থাৎ ১০০ নম্বর এবং ১০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষায় প্রাপ্ত নম্বর যোগ করে একজন প্রার্থীর (১০০+১০০)=২০০ নম্বরের মধ্যে "মোট স্কোর" নির্ধারণ করে মেধাক্রম স্থির করতে হবে। কোন মৌখিক পরীক্ষা গ্রহণ করা যাবে না।

৫. **১০০ নম্বরের লিখিত নির্বাচনী পরীক্ষার প্রশ্নপত্রের ধারা ও মান বন্টন :**

**ক-গ্রুপ :** সকল শাখার ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের জন্য বাধ্যতামূলক : ইংরেজি, বাংলা ও গণিত। এই তিনটি বিষয়ে প্রতিটির জন্য এস, এস, সি/দাখিল/এস, এস, সি (ভোকেশনাল) পাঠ্যসূচীর উপর ২৫ নম্বরের প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে (২৫×৩)=৭৫।

**খ-গ্রুপ :** একাদশ/সমমান শ্রেণীতে বিভিন্ন শাখায় (যেমন মানবিক, বিজ্ঞান ইত্যাদি) ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের সংশ্লিষ্ট শাখার জন্য সংশ্লিষ্ট বিষয়ে এস, এস, সি/দাখিল/এস, এস, সি (ভোকেশনাল) পাঠ্যসূচীর উপর ২৫ নম্বরের প্রশ্নপত্র প্রণয়ন করতে হবে।

৬. কোড নম্বর দিয়ে লিখিত নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র মূল্যায়ন করতে হবে। যে দিন নির্বাচনী পরীক্ষা হবে ঐদিনই উত্তরপত্র মূল্যায়ন করে ফল প্রকাশ করতে হবে।

৭. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে মোট আসন সংখ্যার সম-সংখ্যক আবেদনকারীর মেধাক্রম অনুসারে তালিকা প্রণয়ন করতে হবে এবং ১নং ক্রমিকে উল্লেখিত মোট আসন সংখ্যার অতিরিক্ত ৫০% আসনের জন্য মেধাক্রমানুসারে অপেক্ষমাণ তালিকা প্রণয়ন করতে হবে। উভয় তালিকা (প্রার্থীর নম্বরসহ) নোটিশ বোর্ডে দিতে হবে।

৮. মেধাক্রমানুসারে প্রণীত প্রথম তালিকায় বর্ণিত ছাত্র/ছাত্রীদের প্রাপ্ত নম্বরের ক্রমানুসারে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে আগাম ঘোষিত শূন্য আসনে ভর্তি করতে হবে। মূল শূন্য আসনে ভর্তিযোগ্য প্রার্থী পূর্ব নির্ধারিত তারিখের মধ্যে ভর্তি না হলে অপেক্ষমাণ তালিকা হতে মেধাক্রমানুসারে ভর্তি করতে হবে।

৯. ১৯৯৭ এবং তৎপরবর্তী সালে এস, এস, সি/দাখিল/এস, এস, সি (ভোকেশনাল) পরীক্ষায় পাস করা ছাত্র/ছাত্রীরা একাদশ শ্রেণীতে ভর্তিযোগ্য বিবেচিত হবে।

১০. মূল মার্কশীট ও প্রধান শিক্ষক কর্তৃক ইস্যুকৃত প্রশংসাপত্র ছাড়া কোন অবস্থাতেই ছাত্র/ছাত্রী ভর্তি করা যাবে না।

১১। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে এস, এস, সি পাস করা ছাত্র/ছাত্রীরা একাদশ শ্রেণীতে ভর্তি হতে পারবে না।

১২. **ভর্তির তারিখ :**

| ক্রমিক নং | বিবরণ | তারিখ |
|---|---|---|
| (ক) | বিলম্ব ফি ছাড়া ভর্তির শেষ তারিখ | : ১৭-০৮-২০০০ (বৃহস্পতিবার) |
| (খ) | বিলম্ব ফি ছাড়া ভর্তিকৃত ছাত্রছাত্রীর টটলিষ্ট, রেজিষ্ট্রেশন ফিস জমাদানের ড্রাফট ও মূল মার্কশীট বোর্ডে পাঠানোর শেষ তারিখ | : ২৮-০৮-২০০০ (সোমবার) |
| (গ) | বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখ | : ০৩-০৯-২০০০ (রবিবার) |
| (ঘ) | বিলম্ব ফিসহ ভর্তিকৃত ছাত্রছাত্রীর টটলিষ্ট, রেজিষ্ট্রেশন ফিস জমাদানের ব্যাংক ড্রাফট ও মূল মার্কশীট বোর্ডে পাঠানোর শেষ তারিখ | : ১৪-০৯-২০০০ (বৃহস্পতিবার) |
| (ঙ) | ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের একাদশ/সমমান শ্রেণীতে ক্লাস শুরু করার তারিখ | : ২০-০৮-২০০০ (রবিবার) |
| (চ) | একাদশ/সমমান শ্রেণীতে ব্যবহারিক ক্লাস শুরু করার তারিখ | : ২৭-০৯-২০০০ (বুধবার) |
| (ছ) | অধ্যক্ষ/অধ্যক্ষা কর্তৃক বিভাগ/বিষয় পরিবর্তনের শেষ তারিখ | : ১০-১০-২০০০ (মঙ্গলবার) |
| (জ) | পূরণকৃত সকল এস, আই, এফ কম্পিউটার কেন্দ্রে প্রেরণের শেষ তারিখ | : ২২-১০-২০০০ (রবিবার) |
| (১৩) | ছাত্র/ছাত্রী প্রতি রেজিষ্ট্রেশন ও সম্পৃক্ত অন্যান্য ফি (ঢাকা বোর্ডের অনুমোদিত হার) : | |
| | রেজিষ্ট্রেশন ফি | ২০.০০ টাকা |
| | ক্রীড়া ফি | ২০.০০ টাকা |
| | রোভার স্কাউট/রেঞ্জার্স ফি | ১০.০০ টাকা |
| | বিজ্ঞান ও প্রযুক্তি ফি | ৭.০০ টাকা |
| | বাৎসরিক ক্রীড়া মঞ্জুরী ফি (প্রতি কলেজ) | ১০০.০০ টাকা |
| ছাত্র/ছাত্রী প্রতি অন্যান্য ফি (যার ক্ষেত্রে প্রযোজ্য, সংশ্লিষ্ট বোর্ডের ফি এর হার প্রযোজ্য হবে) | | |
| | পাঠে বিরতি ফি | ১০০.০০ টাকা |
| | বিলম্ব রেজিষ্ট্রেশন ফি | ২০.০০ টাকা |
| | বিলম্ব ভর্তি ফি | ৩৫.০০ টাকা |

ভর্তির সময় ছাত্র/ছাত্রীদের নিকট হতে উপরোক্ত ফিস আদায় করতে হবে।

(১৪) **ফি জমাদানের নিয়মাবলী :**

(ক) সকল প্রকার ফি অবশ্যই সোনালী ব্যাংকের ডিমান্ড ড্রাফটের মাধ্যমে বোর্ডের সচিবের/রেজিষ্ট্রারের অনুকূলে জমা দিতে হবে। সোনালী ব্যাংকের ডিমান্ড ড্রাফট ছাড়া অন্য কোন ব্যাংকে ড্রাফট গ্রহণ করা হবে না।

(খ) ব্যাংকে (ডিমান্ড) ড্রাফটের উপরিভাগে প্রাপকের নাম অর্থাৎ "সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/রেজিষ্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড" লেখার ঠিক পরেই ব্যাংক কর্তৃক টাকা জমাকারী অর্থাৎ যার সপক্ষে টাকা প্রদান করা হল তার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(গ) ব্যাংক ড্রাফট ক্রয়ের পর তা জমাদানের পূর্বে জমাদানকারী অধ্যক্ষ/অধ্যক্ষা/প্রধান শিক্ষক/শিক্ষিকা ড্রাফটের বিপরীত পৃষ্ঠায় সীলমোহরসহ স্বাক্ষর করবেন।

(ঘ) নগদ টাকা, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, ট্রেজারী চালান, মানি অর্ডার ও সিকিউরিটি ডিপোজিট গ্রহণ করা হবে না।

(১৫) **এস, আই, এফ, রেজিষ্ট্রেশন ফি, টটলিষ্ট জমাদান :**
সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড এর আওতাভুক্ত বিভিন্ন কলেজ ভর্তিকৃত সকল ছাত্র/ছাত্রীর পূরণকৃত এস, আই, এফ ও ১ কপি টটলিষ্ট (ভর্তি তালিকা, নির্ধারিত ছক অনুযায়ী) কম্পিউটার কেন্দ্রে সিষ্টেম এনালিষ্টের নিকট রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণ করবেন। এছাড়া ২ কপি টটলিষ্ট (ভর্তি তালিকা, নির্ধারিত ছক অনুযায়ী) ও মূল মার্কশীট কলেজ পরিদর্শকের নিকট প্রেরণ করতে হবে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল ও সিলেট এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের পক্ষে-

প্রফেসর মোঃ আবদুল হামিদ
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ডিজি-৫১৩/২০০০ (১২"×৩)